



## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

www.iau.edu.bd

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/পরি/ কামিল (স্নাতকোত্তর) প্রা.পা/২০১৭/১৫৬৭৯

তারিখ: ১৮ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

### অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি তাফসীর বিভাগ প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে ডিমলা কামিল মাদরাসা, (DIMLA KAMIL MADRASAH, EIIN: 124809) ডিমলা, নীলফামারী -এর অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির অনুচ্ছেদ ১৩(গ) অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন ও ৩য় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ১৩(ঙ) মোতাবেক নিম্নোক্ত শর্তে ০৩.০৩.২০২৬ খ্রিষ্টাব্দ থেকে ০২.০৩.২০২৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি তাফসীর বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল:

#### শর্তসমূহ:

১. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে ২ বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) তাফসীর বিভাগ প্রা. পা. এর কার্যক্রম চালু হবে।
২. কামিল (স্নাতকোত্তর) তাফসীর বিভাগে পাঠদানের জন্য ০২ (দুই) জন দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক নিয়োগ দিতে হবে।
৩. কামিল (স্নাতকোত্তর) তাফসীর বিভাগের জন্য স্বতন্ত্র ০২ (দুই) টি কক্ষ নির্ধারণ করতে হবে;
৪. কামিল (স্নাতকোত্তর) তাফসীর বিভাগের ন্যূনতম ১০০ (একশত) রেফারেন্স গ্রন্থ ত্রয় করতে হবে;
৫. লাইব্রেরিতে রেফারেন্স গ্রন্থের তালিকা অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নকৃত রেজিস্টার খাতায় এন্ট্রি করতে হবে;
৬. কামিল (স্নাতকোত্তর) তাফসীর বিভাগে ন্যূনতম ৬০-৭০ জন শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
৭. শিক্ষকদের পাঠদান কৌশলের দক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিত ইন হাউজ ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে;
৮. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ল্যাংগুয়েজ ক্লাব চালুর কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৯. প্রত্যেক শ্রেণি কক্ষের নাম ফলক বাংলা, আরবি ও ইংরেজিতে লিখতে হবে;
১০. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, অডিট কমিটি, ত্রয় কমিটি, সাংস্কৃতিক কমিটিসহ অন্যান্য কমিটি গঠন করে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;
১১. মাদরাসার সকল ত্রয় গভর্নিং বডির অনুমোদন সাপেক্ষে পাবলিক প্রকিউরমেন্ট বিধি অনুযায়ী করতে হবে;
১২. সকল ধরনের আয়-ব্যয় গভর্নিং বডির অনুমোদন নিতে হবে এবং কলামনার ক্যাশবই ও ভাউচার আপডেট রাখতে হবে;
১৩. শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের হাজিরা বহিতে অধ্যক্ষ মহোদয়ের প্রত্যয়ন থাকতে হবে;
১৪. অধ্যক্ষ মহোদয়ের জন্য মুভমেন্ট রেজিস্টার থাকতে হবে এবং সকল শিক্ষকের ছুটি রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
১৫. মাদরাসার জমির দলিল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
১৬. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

  
০৩/০৩/২০২৬

(মোহাম্মদ শরীফুল ইসলাম)  
সহকারী মাদরাসা পরিদর্শক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

ডিমলা কামিল মাদরাসা

ডিমলা, নীলফামারী।

স্মারক নং- ইআবি/পরি/ কামিল (স্নাতকোত্তর) প্রা.পা/২০১৭/১৫৬৭৯

তারিখ: ১৮ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, নকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, ডিমলা কামিল মাদরাসা, ডিমলা, নীলফামারী।
- ৭। অফিস নথি।

  
০৩/০৩/২০২৬

(মোহাম্মদ শরীফুল ইসলাম)  
সহকারী মাদরাসা পরিদর্শক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়